



# মুরগী এবং কেন্নো

Winny Asara
Magriet Brink
Asma Afreen
3
বাংলা bn



মুরগী এবং কেন্নো বন্ধু ছিল। কিন্তু তারা সবসময় একে অপরের সাথে প্রতিযোগিতা করতো। একদিন তারা সেরা খেলোয়াড় কে তা দেখতে ফুটবল খেলার সিদ্ধান্ত নিল।



তারা ফুটবল মাঠে গেল এবং তাদের খেলা শুরু করল। মুরগী দ্রুতগামী ছিল, কিন্তু কেন্নো আরও বেশি দ্রুতগামী ছিল। মুরগী দূরে লাথি মারল, কিন্তু কেন্নো আরও দূরে লাথি মারল। মুরগী রাগান্বিত হতে শুরু করল।




তারা পেনাল্টি শুট আউট খেলার সিদ্ধান্ত নিল। প্রথমে কেন্নো গোলরক্ষক হল। মুরগী শুধুমাত্র একটি গোল করল। তারপর মুরগীর গোল রক্ষার পালা আসল।



কেন্নো বলকে লাথি মারল এবং গোল করল। কেন্নো বল কাটিয়ে গোল করল। কেন্নো বলকে হেড করে গোল করল। কেন্নো পাঁচটি গোল করল।



মুরগী হেরে গিয়ে ক্ষিপ্ত হল। সে তার হারকে মেনে নিতে পারছিল না। কেন্নো হাসতে শুরু করল কারণ তার বন্ধু এটি নিয়ে এত হৈচৈ করছিল।




মুরগী এতটাই রেগে গেল যে তার ঠোঁট খুলে হা করল এবং কেন্নোকে গিলে ফেলল।



মুরগী যখন হেঁটে ঘরে ফিরছিল, তার সাথে কেন্নোর মার দেখা হল। মা কেন্নো জিজ্ঞেস করলেন, “তুমি আমার বাচ্চাকে দেখেছ?” মুরগী কোনও কথা বলল না। মা কেন্নো উদ্বিগ্ন হলেন।



তারপর মা কেন্নো একটি মৃদু কণ্ঠস্বর শুনতে পেলেন। "মা আমাকে সাহায্য কর!" কণ্ঠস্বর কেঁদে বলল। মা কেন্নো চারদিকে তাকালেন এবং মনোযোগ দিয়ে শুনলেন। কণ্ঠস্বরটি মুরগীর ভিতর থেকে আসছিল।



মা কেন্নো চিৎকার দিয়ে বললেন, “বাচ্চা তোমার বিশেষ ক্ষমতা ব্যবহার করো!” কেন্নো একপ্রকার খারাপ গন্ধ আর ভয়াবহ স্বাদ সৃষ্টি করতে পারে। মুরগী অসুস্থ বোধ করতে শুরু করল।



মুরগী টেঁকুর তুলল। তারপর সে গিলে নিয়ে থুথু ফেলল। তারপর সে হাঁচি দিল এবং কাশল। আরও কাশল। কেন্নো ছিল বিতৃষ্ণাজনক।



মুরগী কাশতে থাকল যতক্ষণ না পর্যন্ত কেন্নো তার পেট থেকে বের হয়ে গেল। মা কেন্নো এবং তার বাচ্চা একটি গাছে লুকোনোর জন্য চড়ল।



সেই সময় থেকে মুরগী এবং কেন্নো শত্রু হয়ে গেল।

**Global Storybooks**

globalstorybooks.net

# মুরগী এবং কেন্নো


Winny Asara

Magriet Brink

Asma Afreen


CC BY